

ইসলামী বিশ্ববিদ্যালয়

উপাচার্যের পদত্যাগের
দাবিতে ২৫ দিন ধরে
অফিসে তালা

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ১১ই
মার্চ (নিজস্ব সংবাদদাতার ফোন)।-
ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর
এম. এ. হামিদেব পদত্যাগের দাবিতে তার
অফিস দীর্ঘ ২৫ দিন তালাবদ্ধ রাখা হয়েছে।
উপাচার্যের প্রশাসনিক দুর্নীতি, স্বজনপ্রীতি,
বিশ্ববিদ্যালয় প্রশাসনকে রাজাকারীকরণ
এবং ১০০ নম্বরের তুলনামূলক ধর্মতত্ত্ব
উপাচার্য : পৃঃ ৮ কঃ ৪

উপাচার্য : পদত্যাগ দাবি

(১ম পৃষ্ঠার পর)

চালু, খেলোয়াড়, সাংস্কৃতিক ও উপজাতি
কোটার ছাত্র ভর্তি বাতিল করলে সর্বদলীয়
ছাত্রএক্য তার পদত্যাগের দাবিতে গত
১৪ই ফেব্রুয়ারি ভিসি অফিসে তালা
লাগিয়ে দেয়।

তালা লাগানোর ২৫ দিনের মধ্যে ১৫
দিন অফিস খোলা থাকলেও ভিসি তার
অফিসে বসতে না পেয়ে বাইরে অবস্থান
করছেন। বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক
অচলাবস্থা চলছে। অচলাবস্থা নিরসনে
বিশ্ববিদ্যালয়ের প্রেক্ষিত রহমত আলী
সিন্দিকীর নেতৃত্বে ১৩ সদস্যের বিশ্ব-
বিদ্যালয় অচলাবস্থা নিরসন কমিটির সঙ্গে
সর্বদলীয় ছাত্রএক্যের আজকের সভা কোন
সিদ্ধান্ত ছাড়াই মূলতদি করা হয়েছে। ১৪ই
মার্চ পুনরায় বৈঠক বসবে।

37